ভোরের কাগজ

NOV. 22 2001

ভোরের কাগজ

তারিখ ………………
পৃষ্ঠা ……… কলাম ………

উপাচার্য অপসারণের প্রতিবাদ

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের অবস্থান ধর্মঘট পালন

রাজশাহী প্রতিনিধি : রাজশাহীসহ বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অপসারণ ও '৭৩-এর বিশ্ববিদ্যালয় অ্যাক্ট লঙ্ঘনের প্রতিবাদে মুক্তিযুদ্ধের পক্ষের 'সচেতন শিক্ষক সমাজ' গতকাল বুধবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবন চত্বরে অবস্থান ধর্মঘট পালন করেছে।

প্রফেসর জুলফিকার মতিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন সাবেক উপাচার্য প্রফেসর আব্দুল খালেক, প্রফেসর খানম মমতাজ আহমদ, কথাশিল্পী প্রফেসর হাসান আজিজুল হক, প্রফেসর শহিদুল ইসলাম, প্রফেসর মিজান উদ্দিন, প্রফেসর মুহম্মদ ইউনুস, সেলিম রেজা নিউটন ও মোজাফফর হোসেন প্রমুখ। বক্তারা অবস্থান ধর্মঘটকালে বলেন, সরকার পরিবর্তনের পরই বর্তমান ৪ দলীয় জোট সরকার অত্যন্ত ন্যাক্কারজনকভাবে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ অন্যান্য গুরুত্বপূর্ণ নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তাদের পরিবর্তন করেছে। যা গণতান্ত্রিক ব্যবস্থা ও বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনকে ধূলিসাৎ করেছে। সরকারের এই পদক্ষেপের মাধ্যমে প্রমাণ হয়েছে বর্তমান সরকার গণতান্ত্রিক নয়, স্বৈরাচারী।